ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন
স্টেশন প্রকৌশলী
উপ-স্টেশন প্রকৌশলী
সহকারী বেতার প্রকৌশলী
রেডিও টেকনিশিয়ান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

সংখ্যা : ১৫.৫৩.০০০০.০১১.২০.০৪৩.২২. ৮২৩

তারিখ : বঙ্গাব্দ
২৭/১১/২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : **কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**
সভাপতি : পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ইনোভেশন কমিটির অফিসার, বাংলাদেশ বেতার, ঢাকা।
স্থান : পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা এর দপ্তর কক্ষ।
তারিখ : ১৬/১১/২০২২ খ্রি:
সময় : বেলা ১১:৩০ ঘটিকা।
উপস্থিতির তালিকা: **পরিশিষ্ট-ক।**

বাংলাদেশ বেতারের পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ইনোভেশন অফিসার জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্ষেত্র | বিষয় | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | (ক) বাংলাদেশ বেতার, ঢাকার গেট পাস সংক্রান্ত সেবা ডিজিটাইজেশন/ সেবা সহজিকরণটি সিটিজেন চার্টার-এর সাথে সমন্বয় করে প্রসেস ম্যাপ ও টিভিসি ম্যাপসহ ইনোভেশন টিমের সদস্য জনাব মোহাম্মদ রাফিকুল হাসান উপপরিচালক বিস্তারিত আলোচনা করেন।<br><br>(খ) বাংলাদেশ বেতারের টেলিফোন আপডেটেড ইনডেক্স বেতারের ওয়েবসাইটে প্রদানের মাধ্যমে সেবা সহজিকরণটি বাস্তবায়নের বিষয়ে ইনোভেশন টিমের সদস্য জনাব ড. আবুল হাসনাত মোঃ জাকির উদ্দীন, স্টেশন প্রকৌশলী, সিটিজেন চার্টার-এর সাথে সমন্বয় করে প্রসেস ম্যাপ ও টিভিসি ম্যাপসহ বিস্তারিত আলোচনা করেন। | (ক) বাংলাদেশ বেতার, সদর দপ্তরের সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশন-এর আওতায় উদ্ভাবনী উদ্যোগটি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।<br><br>(খ) সেবা সহজিকরণের বিষয়ে বাংলাদেশ বেতারের সকল দপ্তরের কর্মকর্তাদের দপ্তর ও টেলিফোন নম্বর হালনাগাদ করে বই আকারে প্রকাশ ও ওয়েবসাইটে পিডিএফ প্রদানকরণ সংক্রান্ত সেবাটি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে বাস্তবায়নের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | (ক) জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ইনোভেশন অফিসার<br><br>(খ) জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী পরিচালক (প্রশাসন ও অর্থ) ও ইনোভেশন অফিসার |
| | [১.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | [১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতপূর্বক গত ০৬-১০-২০২২ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | নির্ধারিত সময়ে ডাটাবেজ প্রস্তুতকরে মন্ত্রণালয়ে প্রেরণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | সংশ্লিষ্ট শাখা |

চলমান পাতা/২

| ক্ষেত্র | বিষয় | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | | [১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার চালুকৃত | ক) বাংলাদেশ বেতার, কুমিল্লা কেন্দ্রে এবং বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রে (নিজস্ব ব্যবস্থাপনায়) বাস্তবায়িত আর্টিস্ট ম্যানেজমেন্ট সফটওয়্যারটি অনুষ্ঠান ও বার্তা বিভাগের জন্য ব্যবহার উপযোগী করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রে ব্যবহৃত আর্টিস্ট ম্যানেজমেন্ট সফটওয়্যারটি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে কাস্টমাইজ করে বার্তা শাখায় ব্যবহার করা যেতে পারে।<br>(খ) আলোচনানুযায়ী বার্তা শাখায় এ সফটওয়্যারটির উপযোগীতা/কোন পরিবর্তন প্রয়োজন হলে সে সম্পর্কে মতামত আগামী ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে ইনোভেশন কমিটি বরাবর লিখিত ভাবে অবহিত করবেন। ইনোভেশন টিমের সদস্য জনাব মোহাম্মদ রাফিকুল হাসান, উপপরিচালক, বার্তা শাখায় সফটওয়্যারটি ব্যবহার উপযোগী করার বিষয়ে সার্বিক সহায়তা করবেন। | জনাব মোহাম্মদ রাফিকুল হাসান উপপরিচালক কৃষি বিষয়ক কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা। |
| | [১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [১.৩.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | বাংলাদেশ বেতারের সকল দপ্তরে ই-নথির ব্যবহার বৃদ্ধি ও চালুর বিষয় সবায় আলোচনা করা হয়। | বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিট-কে ই-নথির আওতায় আনতে হবে । এ লক্ষ্যে এটুআই এর ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে যোগাযোগ অব্যাহত রাখাতে হবে। | সদস্য সচিব ইনোভেশন কমিটি |
| | [১.৪] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/ পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | [১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণীত | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রনয়ণ পূর্বক ২৪-১০-২০২২ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | নির্ধারিত সময়ে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রনয়ণ করে ২৪-১০-২০২২ মন্ত্রণালয়ে প্রেরণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | সংশ্লিষ্ট শাখা |
| | | [১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজিত | নভেম্বর ২০২২ মাসে এ সংক্রান্ত ০১টি কর্মশালা আয়োজনের বিষয় আলোচনা করা হয়। | নভেম্বর ২০২২-মাসে এ সংক্রান্ত ০১টি কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ বিষয়ে প্রশিক্ষণ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপ পরিচালক জনাব এ এস এম মামুন-এর সাথে যোগাযোগ করা হয়েছে। | সংশ্লিষ্ট শাখা/সদস্য সচিব ইনোভেশন কমিটি |
| [২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে) | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ইনোভেশন কর্ণার-এর আলোকে বাংলাদেশ বেতারের ইনোভেশন কর্ণার হালনাগাদ করার বিষয় আলোচনা করা হয়। | তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করার লক্ষে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ইনোভেশন কর্ণার-এর আলোকে বাংলাদেশ বেতারের ইনোভেশন কর্ণার হালনাগাদ করতে হবে। | গবেষণা ও গ্রহণ কেন্দ্র বাংলাদেশ বেতার, ঢাকা। |
| | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | নভেম্বর মাসে এ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয় আলোচনা করা হয়। | নভেম্বর মাসে এ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বর্ণিত বিষয়ে প্রশিক্ষণ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপ পরিচালক জনাব এ এস এম মামুন-এর সাথে যোগাযোগ করা হয়েছে। | সংশ্লিষ্ট শাখা/সদস্য সচিব ইনোভেশন কমিটি |

চলমান পাতা/৩

| ক্ষেত্র | বিষয় | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | | [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নে জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত ৬,০০,০০০ (ছয় লক্ষ) টাকার ৮০% নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজন অনুযায়ী ব্যয় করার বিষয় আলোচনা করা হয়। | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত ৬,০০,০০০ (ছয় লক্ষ) টাকার ৮০% নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজন অনুযায়ী ব্যয় করার বিষয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট শাখা |
| | | [২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথা সময়ে প্রেরণের বিষয় আলোচনা করা হয়। | অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথা সময়ে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা |
| | | [২.২.৪] আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | যথা সময়ে প্রেরণের বিষয় আলোচনা করা হয়। | যথা সময়ে প্রেরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা |
| | | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত | বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ যথাসময়ে পরিদর্শন করার আলোচনা করা হয়। | বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ যথাসময়ে পরিদর্শন করার বিষয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট শাখা |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29/12/22

মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
ইনোভেশন অফিসার
মহাপরিচালকের পক্ষে
ফোন : ৪৪৮১৩০৭১

স্মারক : ১৫.৫৩.০০০০.০১১.২০.০৪৩.২২. ৮২৯

তারিখ: বঙ্গাব্দ
29/12/2022 খ্রিস্টাব্দ

<u>বিতরণ :</u>

১। জনাব দেওয়ান মোহাম্মদ আহসান হাবীব, অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। ড. আবুল হাসনাত মোঃ জাকির উদ্দীন, স্টেশন প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। জনাব মোহাম্মদ রাফিকুল হাসান, উপপরিচালক, কৃষি সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৪। জনাব মোঃ মাহমুদুন নবী, উপ বার্তা নিয়ন্ত্রক, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
(সংযুক্তিতে সদর দপ্তরে মহাপরিচালকের স্টাফ অফিসার হিসেবে কর্মরত)

<u>অনুলিপি: সদয় অবগতিকল্পে ও কার্যার্থে :</u>

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। পরিচালক (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।
৫। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
৬। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা **(ওয়েবসাইটের ইনোভেশন কর্ণারে প্রকাশের অনুরোধসহ)।**
৭। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা।
৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা
(পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। গার্ড ফাইল।

29/12/22

মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
ইনোভেশন অফিসার
মহাপরিচালকের পক্ষে
ফোন : ৪৪৮১৩০৭১